উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (মাসঃ জানুয়ারি/২০২২)

অধিবেশনঃ-১১২

উপদেষ্টা : জনাব আনোয়ারুল আবেদীন খান (তুহিন), মাননীয় জাতীয় সংসদ সদস্য

১৫৪-ময়মনসিংহ-৯, নান্দাইল, ময়মনসিংহ।

সভাপতি : জনাব হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ৩০ জানুয়ারি, ২০২২ খ্রিঃ।

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক। অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল কর্তৃক আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ নিম্ন বর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **০১। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন।** | **বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় এবং কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।** | **সংশ্লিষ্ট সদস্যগণ।** |
| **০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় জানান** চপই দাখিল মাদ্রাসার আইসিটি ল্যাবটি খুররম খান চৌধুরী কলেজে স্থানান্তরের জন্য পরামর্শ প্রদান করেন। | চপই দাখিল মাদ্রাসার আইসিটি ল্যাবটি খুররুম খান চৌধুরী কলেজে স্থানান্তরের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| জন্ম নিবন্ধন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। আলোচনান্তে জন্ম নিবন্ধন সনদের কাজে মানুষকে হয়রানি না করে সহজভাবে জন্ম নিবন্ধন করার জন্য উপস্থিত সকল সদস্যগণকে পরামর্শ প্রদান করেন। | সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগন জন্ম নিবন্ধন কাজে মানুষকে হয়রানি না করে সহজভাবে জন্ম নিবন্ধন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ। |
| সমবায় অফিসের আওতায় দুগ্ধবতী গাভী লালন পালনের মাধ্যমে গ্রামীন জনগোষ্ঠির কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র বিমোচন, দুগ্ধ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন এবং সর্বোপরি পুষ্টি সমৃদ্ধ মেধাবী মানব সম্পদ প্রতিষ্ঠা করা সম্ভব। উক্ত প্রকল্পটি নান্দাইল উপজেলায় চালুকারার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসারকে পরামর্শ প্রদান করেন। | দুগ্ধ উৎপদন প্রকল্পটি উপজেলা সমবায় অফিসার, অত্র উপজেলায় চালুকারার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, নান্দাইল। |
| **০৩। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে,** বাংলাদেশ সরকার কোভিড-১৯ ভ্যাকসিন ফ্রি দিচ্ছে। সরকারি নির্দেশনা মোতাবেক দ্রুত ভ্যাকসিন গ্রহণের জন্য প্রস্তাব উত্থাপন করেন। | কোভিড-১৯ ভ্যাকসিন সরকারি নির্দেশনা মোতাবেক সকল নাগরিককে দ্রুত গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |
| কোভিড-১৯ এর ভ্যাকসিন যারা দিচ্ছে তাদেরকে আরও সতর্কতারসহিত ভ্যাকসিন দেয়ার পরামর্শ প্রদান করেন। বাহু হতে রক্ত যেন বের না হয় সেজন্য যত্নসহকারে টিকাদেয়ার পরামর্শ প্রদান করেন। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল (কোভিড-১৯) টিকা দেয়ার সময় বাহু হতে যেন রক্ত বের না হয় সেজন্য যত্নসহকারে টিকাদেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |
| তিনি আরও জানান জন্ম নিবন্ধন আবেদনের সাথে প্রয়োজনীয় সকল কাগজপত্র দাখিল করতে হবে। জন্ম নিবন্ধন সংশোধনী আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজ পত্র সঠিকভাবে দেওয়া জন্য ইউনিয়ন পরিষদ সচিবগণকে পরামর্শ প্রদান করেন। সহজভাবে মানুষকে হয়রানি না করে দ্রুত সেবা দেয়ার বিষয়ে আলোচনা করেন। | জন্ম নিবন্ধন সংশোধনী আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজ পত্র সঠিকভাবে দাখিল করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট ইউপি সচিব। |
| **০৪। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান যে,** করোনা ভ্যাকসিন কার্যক্রম ৭০% ভাগে উন্নীত করার জন্য সকলকে | সরকারি নির্দেশনা মোতাবেক বিভাগীয় কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, |

| | | |
|---|---|---|
| আছে। <br>কওমি মাদ্রাসা ছাত্র/ছাত্রীদের ভ্যাকসিনের আওতায় আনার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। <br>রোগীদের মাঝে সকল ধরনের স্বাস্থ্যসেবাকার্যক্রম অব্যাহত আছে। | | |
| **০৫। উপজেলা কৃষি বিভাগ** ঃ রবি ২০২১-২০২২ মৌসুমে অত্র উপজেলায় ২১৯০৫ হেক্টর জমিতে বোরো আবাদ লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে এবং উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে ৮৯৩৬০ মেঃটন। বোরো ফসল রোপন কার্যক্রম শুরু হয়েছে। অদ্য পর্যন্ত ২০৩৭৫ হেক্টর জমিতে বোরো আবাদ সম্পন্ন হয়েছে। মাঠে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সর্বদা কৃষকের পাশে থেকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন। অনুকুল আবহাওয়া থাকলে এ বছর আশানুরুপ ফলন হবে আশা করা যাচ্ছে। | সারের মূল্য যেন বৃদ্ধি না পায় সে জন্য সর্বদা দোকান মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| জানুয়ারি ২০২২ মাসে ১৫৩৭ মেঃটন ইউরিয়া সার বরাদ্দ প্রদান করা হয়েছিল, যার মধ্যে ৬১৭ মেঃটন সার উত্তোলন করা হয়েছে। অদ্য পর্যন্ত ইউরিয়া-১০৪০ মেঃটন, টিএসপি-৫০ মেঃটন, ডিএপি-১০৫ মেঃটন এবং এমওপি-৬০ মেঃটন সার মজুদ রয়েছে। নিয়মিত ডিলারগণ রাসায়নিক সার উত্তোলন করে আসছেন। ইউরিয়া ও নন-ইউরিয়া সারের আগমনী বার্তা সঠিক সময়ে উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়ে জমা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সারের মূল্য যেন বৃদ্ধি না পায় সে জন্য সর্বদা দোকান মনিটরিং করা হচ্ছে। | কোন ধরনের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| **০৬। উপজেলা মৎস্য বিভাগ :** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, ইতোমধ্যে ৬০ জন মৎস্য চাষিকে প্রশিক্ষন দেয়া হয়েছে। <br>আচারগাঁও ইউনিয়নের টংগির বিল অভয় আশ্রম মেরামত বিষয়ে আলোচনা করেন। | নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সদস্যগণ |
| **০৭। উপজেলা প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদ বড় হলরুমে মিটিং করার সময় চেয়ার/টেবিলের প্রয়োজন হয়। হলরুমে স্থায়ী চেয়ার ও টেবিল সরবরাহ করার প্রস্তাব উত্থাপন করেন। <br>২০২১-২০২২ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় টেন্ডার কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা পরিষদ হল রুমে চেয়ার ও টেবিল সরবরাহ করন কাজটি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্প কমিটি নিম্নরূপ ১। জনাব মোঃ ফয়েজ উদ্দিন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল-সভাপতি, ২। জনাব মোঃ রকিবুল হাসান, সহকারী প্রোগ্রামার, নান্দাইল-সদস্য সচিব, ৩। জনাব মোঃ আছাদুল হক, উপসহকারী প্রকৌশলী বিএডিসি, নান্দাইল-সদস্য, ৪। জনাব মোঃ সিরাজুল ইসলাম, ফিল্ড সুপারভাইজার, উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যলয়, নান্দাইল-সদস্য, ৫। জনাব মোঃ সাখাওয়াত হোসেন, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, নান্দাইল-সদস্য। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় নতুন আসবাপত্র ক্রয় খাত হতে ১,৬২,২১৪/- টাকা, উক্ত কমিটির মাধ্যমে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল। |
| **০৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে,** ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ২য় পর্যায় উপজেলা পরিষদ ওয়ারী বরাদ্দ পাওয়া যায়। অত্র উপজেলায় ইউপি নির্বাচন অনুষ্ঠিত হওয়ায় ইউনিয়ন ওয়ারী উপবরাদ্দ প্রদান করা হয়নি। নতুন ইউপি চেয়ারম্যানগনের শপথ অনুষ্ঠানেরপর ইউনিয়ন ওয়ারী উপবরাদ্দ প্রদান করা হবে। | নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন কাজ সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| অসচ্ছল বীরমুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ কর্মসূচির আওতায় বিভিন্ন ইউনিয়নে ১১টি "বীর নিবাস" নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে।<br><br>২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের আওতায় অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি) প্রকল্পের ১৩টি ইউনিয়নের উপকারভোগির নামের তালিকা মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ৯২-৯৩ মহাখালী বা/এ ঢাকা হতে পাওয়া যায়। প্রাপ্ত তালিকা হতে দেখা যায় যে, অনেক লোক এলাকায় বসবাস করে না অন্যত্র স্থানান্তরিত হয়েছে, তালিকায় মৃত ব্যক্তির নাম অন্তর্ভুক্ত রয়েছে, কির্ধারিত বয়সেরচেয়ে অধিক বয়স, ১৮ বছরের কম এবং কিছু লোক কাজ করতে অনাগ্রহী। তালিকাটিতে ভুল পাওয়া যায়। প্রাপ্ত তালিকায় অনেক অসঙ্গতি পাওয়া যায়। উক্ত তালিকা সংশোধন/নতুন তালিকা প্রণয়ন করা জরুরী প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি) প্রকল্পের উপকারভোগিদের উক্ত তালিকা সংশোধন/নতুন তালিকা প্রণয়নের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করেন। | প্রাক্কলন মোতাবেক বীর নিবাস নির্মানের কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের আওতায় অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি) প্রকল্পের ১৩টি ইউনিয়নের উপকারভোগির প্রাপ্ত নামের তালিকা সংশোধন/নতুন তালিকা প্রনয়ণের জন্য সংশ্লিষ্ট উধ্বর্তন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল।<br><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |
| **০৯। উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,** কোভিড-১৯ এর মহামারী বৃদ্ধি পাওয়ায় নান্দাইল উপজেলার প্রাথমিক বিদ্যালয়সমূহ বন্ধ রয়েছে। ইতো মধ্যে সকল বিদ্যালয়ে ২০২২ সনের পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। শিক্ষকগণ অনলাইনে শিক্ষা পাঠদান করাচ্ছেন । মোবাইল ফোনের মাধ্যমে সকল শিশুর সাথে যোগাযোগ রাখছেন। তাছাড়া সংসদ টিভি এবং কমিউনিটি রেডিওর মাধ্যমে পাঠদান কার্যক্রম চলছে। | নীতিমালা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের সকল কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| **১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,** মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক ১২ থেকে ১৮ বছরের ২৭৮৪৮ জন শিক্ষার্থীকে ১ম ডোজ করোনা প্রতিরোধ ভ্যাকসিন দেয়া হয়েছে।<br><br>শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় অন লাইন ক্লাশ চালু আছে।<br>বঙ্গবন্ধু ডিজিটাল শিক্ষা ভবনের কাজ শুরু হয়েছে।<br>নান্দাইল উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ২৮টি কম্পিউটার ল্যাব স্থাপনের কাজ চলমান আছে। | সরকারি নির্দেশনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের সকল কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| **১১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,** ২০২১-২০২২ অর্থ বছর হতে অত্র উপজেলার সকল ভাতাভোগীকে জিটুপি পদ্ধতিতে মোবাইলের মাধ্যমে সরাসরি অর্থ প্রদান করা হচ্ছে। মোবাইলের মাধ্যমে অর্থ প্রদান করার কারনে অনেক ভাতাভোগী তার ভাতা হয়েছে মর্মে অবগত নয়। মৃত ভাতাভোগীর তথ্য পাওয়া যাচ্ছে না এবং মোবাইল নাম্বারসহ নাগরিক সমস্যার কারনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশক্রমে পূর্বের ভাতাবহির বিকল্প হিসাবে কিউআর কোড সম্বিবেশিত ভাতাভোগী কার্ড প্রদান করা হবে। ইতোমধ্যে সকল ভাতাভোগীর বিপরীতে জাতীয় পরিচয় পত্রের ন্যায় ভাতাভোগী কার্ড ইস্যু করা হয়েছে। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সম্মতি নিয়ে ফেব্রুয়ারী/২২ মাসের মধ্যেই ভাতাভোগীর উপস্থিতিতে কার্ড বিতরন শুরু হবে। | বিদ্যমান ভাতা সংশ্লিষ্ট সমস্যা সমাধানকল্পে এবং একটি স্বচ্ছ তালিকা প্রণয়নের লক্ষে ভাতাভোগীর নামে কার্ড বিতরণ নিশ্চিতকরন লক্ষে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নান্দাইল/ ভাতা সংশ্লিষ্ট কমিটি |
| **১২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নান্দাইল সভায় জানান যে,** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে অফিস সহায়ক পদে দীর্ঘদিন কর্মচারী না থাকায় অফিস কার্যক্রম পরিচালনায় ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। অফিস সহায়ক পদে একজন কর্মচারী দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় জাতীয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে একজন অফিস সহায়ক কর্মচারী দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |

| | | |
|---|---|---|
| যুব কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলছে। যুবক ও যুবনারীদের প্রক্ষিণ বিষয়ে আলোচনা করেন।<br><br>উপজেলা যুব উন্নয়ন ভবন নির্মান কার্যক্রম বিষয়ে আলোচনা করেন। | নীতিমালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উপজেলা যুব উন্নয়ন ভবন নির্মাণের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | কর্মকর্তা, নান্দাইল।<br><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| **১৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,** ৩টি ট্রেডের প্রশিক্ষণ চলমান রয়েছে। ভিজিডি খাদ্য শস্য বিতরণ বিষয়ে আলোচনা করেন।<br><br>তিনি আরও জানান যে, চন্ডীপাশা ইউনিয়নের ভিজিডি ১৬টি কার্ডের উপকারভোগী এলাকায় না থাকায় উক্ত কার্ডগুলি পরিবর্তন করা প্রয়োজন। | উপজেলা ভিজিডি কমিটির সভার মাধ্যমে নীতিমালা মোতাবেক ভিজিডি বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>চন্ডীপাশা ইউনিয়নের ভিজিডি কর্মসূচীর আওতায় ১৬ জন উপকারভোগী এলাকায় না থাকায় তাদের কার্ড বাতিল করে অনলাইন আবেদন হতে নতুন ১৬ জন উপকারভোগীর কার্ড প্রস্তুত করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল। |
| **১৪। ডেপুটি জেনারেল ম্যানজার কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি নান্দাইল জোনাল অফিস সভায় জানান যে,** সমিতির স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। তবে আবাসিক মিটার হতে সেচ এরিয়ার মধ্যে মটর বসিয়ে সেচ কার্যক্রম পরিচালনা করায় অভিযোগের পরিমান বৃদ্ধি পাচ্ছে। অভিযোগের প্রেক্ষিতে সংযোগ বিচ্ছিন্ন করতে গেলে বাঁধা থাকায় কাজ সম্পন্ন করা সম্ভব হচ্ছে না। যানবাহন স্বল্পতা থাকায় সব অভিযোগ এ যাতায়ত করা যাচ্ছে না। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করেন। | আবাসিক মিটার হতে সেচ এরিয়ার মধ্যে মটর বসিয়ে সেচ কার্যক্রম পরিচালনাকারীর বিরুদ্ধে ডিজিএম কিপবিস, নান্দাইল জোনাল অফিস আইনগত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, কিপবিস, নান্দাইল জোনাল অফিস। |
| **১৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে,** আগামী মার্চ/২২ মাস হতে শুরু হবে খাদ্য বান্ধব কর্মসূচী শুরু হতে যাচ্ছে। শুরুর আগেই যথাযথ প্রক্রিয়া অনুসরন করে ৩/৪ জন নতুন ডিলার নিয়োগ করতে হবে। | খাদ্য বান্ধব কর্মসূচী শুরুর আগেই যথাযথ প্রক্রিয়া অনুসরন করে ৩/৪ জন নতুন ডিলার নিয়োগ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, নান্দাইল। |
| **১৬। উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) সভায় জানান যে,** উপজেলা সেচ কমিটি দ্বারা সেচ লাইসেন্সের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। সমীক্ষণ ফি ৪০০ টাকা নির্ধারিণ করা হয়েছে। চেয়ারম্যান উপজেলা পরিষদ কর্তৃক। .<br>বিএডিসির মালিকানাধীন গভীর নলকূপের বাৎসরিক চার্জ বকেয়া রয়েছে। স্ব স্ব ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন।<br>মাননীয় সংসদ সদস্য মহোদয় কর্তৃক নির্ধারিত স্পটে ৫টি ওয়াটার পাস নির্মান সম্পন্ন এবং বাকী ৩টি সাইটে কাজ চলমান রয়েছে। | নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) নান্দাইল। |
| **১৭। সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান** রাস্তার নাম করন বিষয়ে ৪টি দরখাস্ত পাওয়া যায়, ১। নান্দাইল রোড বাজার থেকে পংকরহাটি কাজী বাড়ি পর্যন্ত রাস্তাটি মহুম কাজী আতাউল করিম বাবুল এর নামে নামকরনের জন্য তার পুত্র কাজী রাকিবুল হাসান শোয়েব এলাকাবাসীর পক্ষে আবেদন পত্র দাখিল করেছেন। কাজী বাবুল এলাকার গণ্যমান্য ও সমাজসেবক ব্যাক্তি হওয়ায় তার নামে উক্ত রাস্তাটি নাম করনের জন্য প্রস্তাব উথাপন করেন। ২। কানুরামপুর হতে বালিপাড়া সিএমবি রাস্তার উত্তর দিকে চরলক্ষীদিয়া গ্রামের রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা মরহুম মোহাম্মদ আলীর নামে এবং ৩। রসুলপুর গ্রামের ৪নং ওয়ার্ডের এলজিইডি সড়ক হতে গোয়াভিটা রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা আঃ জলিল সড়ক নামে নামকরনের প্রস্তাব উথাপন করেন। ৪। গাংগাইল ইউনিয়নের উত্তর বানাইল হতে বীর মুক্তিযোদ্ধা মোঃ আবু সিদ্দিক এর বাড়ীর পার্শ্বদিয়া কবিরপুর পর্যন্ত রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা মোঃ আবু সিদ্দিক নামে নাম করনের প্রস্তাব উথাপন করেন। | রাস্তার নাম করন বিষয়ে, ১। নান্দাইল রোড বাজার থেকে পংকরহাটি কাজী বাড়ি পর্যন্ত রাস্তাটি মহুম কাজী আতাউল করিম বাবুল এর নামে নামকরন, ২। কানুরামপুর হতে বালিপাড়া সিএমবি রাস্তার উত্তর দিকে চরলক্ষীদিয়া গ্রামের রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা মরহুম মোহাম্মদ আলীর নামে এবং ৩। রসুলপুর গ্রামের ৪নং ওয়ার্ডের এলজিইডি সড়ক হতে গোয়াভিটা রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা আঃ জলিল সড়ক নামে এবং ৪। গাংগাইল ইউনিয়নের উত্তর বানাইল হতে বীর মুক্তিযোদ্ধা মোঃ আবু সিদ্দিক এর বাড়ীর পার্শ্বদিয়া কবিরপুর পর্যন্ত রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা মোঃ আবু সিদ্দিক নামে রাস্তার নাম করনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(হাসান মাহমুদ জুয়েল)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২০-০৫ তারিখ ঃ-৩০/০১/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৪- ময়মনসিংহ- ৯, নান্দাইল।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।
৬। জনাব মোঃ সারোয়ার হাসান, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৭। জনাব মনোয়ারা জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৮। উপজেলা ---------------------------------------------------- অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ---------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
১০। অফিস কপি।

(মোহাম্মদ আবুল মনসুর)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।